# ৪৬তম বিসিএস
## প্রিলি ফুল কোর্স

### নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন

লেকচার: ০১

টপিক: মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের সংজ্ঞা, মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের সম্পর্ক, মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের সাধারণ ধারণা, মুল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপযোগিতা এবং অভাবজনিত প্রভাব, সমাজ ব্যবস্থায় মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপাদানগুলো প্রতিষ্ঠা।



উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy

# সিলেবাস

## নৈতিকতা, মূল্যবোধ ও সু-শাসন
## (ETHICS, VALUES & GOOD GOVERNANCE)
### পূর্ণমান : ১০

- Definition of Values and Good Governance;
- Relation between Values and Good Governance;
- General Perception of Values and Good Governance;
- Importance of Values and Good Governance in the life of an individual as a citizen as well as in the making of society and national ideals;
- Impact of Values and Good Governance in national development;
- How the element of Good Governance and Values can be established in society in a given social context;
- The benefit of Values and Good Governance and the cost society pays adversely in their absence.

# বিগত বছরের বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন বিশ্লেষণ

| বিষয় | ৪৫ | ৪৪ | ৪৩ | ৪২ | ৪১ | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৩৫ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. নৈতিকতা, মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের সংজ্ঞা | ৩ | | ১ | | ৪ | ২ | | ৩ | ৫ | ৩ | ৬ | ২৪ |
| ২. মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের সম্পর্ক | | ১ | | | | | | | | | | |
| ৩. নৈতিকতা, মূল্যবোধ শিক্ষা এবং সুশাসনের সাধারণ ধারণা | ২ | ২ | ৩ | | ৩ | ২ | | ৪ | ৩ | ৪ | ২ | ২১ |
| ৪. সামাজিক ও জাতীয় আদর্শ গঠন এবং ব্যক্তিগত ও নাগরিক জীবনে মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের গুরুত্ব | ২ | ২ | | | | ১ | | | | | ১ | ২ |
| ৫. জাতীয় উন্নয়নে মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের প্রভাব | | | | | | ১ | | | | | | ১ |
| ৬. সমাজে মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপাদানগুলো প্রতিষ্ঠা | | ১ | ১ | | | ২ | | | | ১ | | ৪ |
| ৭. সমাজে মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপযোগিতা এবং এদের অভাবজনিত প্রভাব | | ১ | | | | | | | | ১ | | ১ |
| ৮. বিবিধ | ৩ | ৩ | ৫ | | ৩ | ২ | | ৩ | ২ | ১ | ১ | ১৭ |
| মোট | ১০ | ১০ | ১০ | - | ১০ | ১০ | - | ১০ | ১০ | ১০ | ১০ | ৮০ |

# মূল্যবোধের ধারণা ও সংজ্ঞা

❑ বিভিন্ন সমাজবিজ্ঞানী কর্তৃক প্রদত্ত মূল্যবোধ ও সামাজিক মূল্যবোধের সংজ্ঞা-

✓ **স্টুয়ার্ট সি. ডড:** "সামাজিক মূল্যবোধ হলো সে সব রীতিনীতির সমষ্টি, যা ব্যক্তি সমাজের নিকট হতে আশা করে এবং যা সমাজ ব্যক্তির নিকট হতে লাভ করে।"

✓ **ক্লাইড ক্লুখোন:** "সামাজিক মূল্যবোধ হচ্ছে সেসব প্রকাশ্য ও অনুমেয় আচার-আচরণের ধারা যা ব্যক্তি ও সমাজের মৌলিক বৈশিষ্ট্য বলে স্বীকৃতি"।

✓ **এম. ডব্লিউ. পামফ্রে:** "মূল্যবোধ হচ্ছে ব্যক্তি বা সামাজিক দলের অভিপ্রেত ব্যবহারের সুবিন্যস্ত প্রকাশ।"

# মূল্যবোধ

## ❑ মূল্যবোধের বৈশিষ্ট্য:

- সামাজিক মাপকাঠি
- নৈতিকতা প্রাধান্য
- বৈচিত্রময়তা ও আপেক্ষিকতা
- যোগসূত্র ও সেতুবন্ধন
- বিভিন্নতা
- পরিবর্তনশীলতা ও নৈতিকতা

# মূল্যবোধ

## ❑ মূল্যবোধের শ্রেণিবিভাগ:

**মূল্যবোধের শ্রেণিবিভাগ**

- ০১ সামাজিক মূল্যবোধ
- ০২ রাজনৈতিক মূল্যবোধ
- ০৩ গণতান্ত্রিক মূল্যবোধ
- ০৪ ধর্মীয় মূল্যবোধ
- ০৫ সাংস্কৃতিক মূল্যবোধ
- ০৬ নৈতিক মূল্যবোধ
- ০৭ অর্থনৈতিক মূল্যবোধ
- ০৮ আধ্যাত্মিক মূল্যবোধ
- ০৯ আধুনিক মূল্যবোধ

# মূল্যবোধের উপাদান

**মূল্যবোধের উপাদান**

- ০১ নীতি ও ঔচিত্যবোধ
- ০২ সামাজিক ন্যায়বিচার
- ০৩ শৃঙ্খলাবোধ
- ০৪ সহনশীলতা
- ০৫ সহমর্মিতা
- ০৬ শ্রমের মর্যাদা
- ০৭ আইনের শাসন
- ০৮ নাগরিক সচেতনতা ও কর্তব্যবোধ
- ০৯ সরকার ও রাষ্ট্রের জনকল্যাণমুখীতা
- ১০ সরকার ও রাষ্ট্রের দায়দায়িত্ব ও জবাবদিহিতা

# মূল্যবোধ

## একনজরে মূল্যবোধ:

- শিষ্টাচার, সততা, ন্যায়পরায়ণতা, সহমর্মিতা, শৃঙ্খলাবোধ, সৌজন্যবোধ প্রভৃতি সুকুমার বৃত্তি বা মানবীয় গুণাবলির সমষ্টি হচ্ছে - মূল্যবোধ।
- মানুষের আচার-আচরণ পরিচালনাকারী নীতি ও মানদণ্ড হচ্ছে - মূল্যবোধ।
- সমাজের ভালো-মন্দের মানদণ্ড বলা হয় - মূল্যবোধকে।
- মূল্যবোধের চালিকাশক্তি হলো - সংস্কৃতি।
- মানুষের মধ্যে মূল্যবোধ জাগ্রত করে - নীতিশাস্ত্র বা নৈতিকতা।
- চিরন্তন মূল্যবোধ হলো - সত্য ও ন্যায়।
- সমাজবিজ্ঞানী Hall & Tonna তাদের মূল্যবোধ উন্নয়নসূচকে উল্লেখ করেন - মোট ১২৫ টি মূল্যবোধের।
- মূল্যবোধ অনুমোদিত হয় - সমাজের বৃহৎ অংশ কর্তৃক।
- ধর্মীয় অনুশাসন হলো - এক ধরনের সামাজিক মূল্যবোধ।
- মূল্যবোধকে সুদৃঢ় করা যায় - শিক্ষার মাধ্যমে।
- ব্যক্তিকে ব্যক্তিগত ও সামাজিক জীবনে প্রগতিশীল, দায়িত্বশীল ও কর্তব্যপরায়ণ হতে সাহায্য করা - মূল্যবোধ শিক্ষার অন্যতম লক্ষ্য।
- মূল্যবোধ শিক্ষার মাধ্যমে ব্যক্তির মধ্যে - নিজের প্রতি, পরিবারের প্রতি, সমাজের প্রতি, স্বদেশের প্রতি, পরিবেশের প্রতি, সকল ধর্মের প্রতি সঠিক ও যথার্থ দৃষ্টিভঙ্গি গড়ে ওঠে।
- মূল্যবোধ শিক্ষার অন্যতম একটি লক্ষ্য হচ্ছে - সামাজিক অবক্ষয় রোধ করা।
- মূল্যবোধ শিক্ষা নিশ্চিত করার জন্য জাগ্রত করতে হবে - বিবেক।

# মূল্যবোধ

- ❖ মানুষের আচরণ পালনকারী নীতি ও মানদণ্ড।
- ❖ মানুষের বাহ্যিক ও অভ্যন্তরীণ আচরণকে নিয়ন্ত্রণ করে।
- ❖ আইনের ভিত্তি।
- ❖ জাতীয় জীবনের দর্পণস্বরূপ।
- ❖ কতগুলো মনোভাবের সমন্বয়ে গঠিত অপেক্ষাকৃত স্থায়ী বিশ্বাস।
- ❖ মূল্যবোধ পরিবর্তন করতে সহায়তা করে – বয়স এবং সময়।
- ❖ বয়সের থেকে- মূল্যবোধের পরিবর্তন ঘটে।
- ❖ আমাদের চিরন্তন মূল্যবোধ সত্য ও ন্যায়।
- ❖ মূল্যবোধ গড়ে ওঠে- দীর্ঘদিনের আচার-আচরণ, বিশ্বাস ও দৃষ্টিভঙ্গির সমন্বয়ে।

# মূল্যবোধ

- ❖ পরিবর্তনশীলতা মূল্যবোধের – একটি প্রধান বৈশিষ্ট্য।
- ❖ প্রতিটি সমাজের রয়েছে- নিজস্ব মূল্যবোধ।
- ❖ মূল্যবোধ শিক্ষার শুরু হয়- পরিবার থেকে।
- ❖ মূল্যবোধ শিক্ষার প্রধান পদ্ধতি-২টি।
- ❖ 'কারাগার' মূল্যবোধের- শিক্ষা প্রদান করে।
- ❖ ধর্মীয় শিক্ষা ও নাগরিকতার শিক্ষার ধারণা পাওয়া যায়- মূল্যবোধের শিক্ষা থেকে।
- ❖ মূল্যবোধ শিক্ষার মাধ্যমে- এক প্রজন্ম তার পরবর্তী প্রজন্মের কাছে মূল্যবোধ হস্তান্তর করে।
- ❖ ব্যক্তি সহনশীলতার শিক্ষা লাভ করে- মূল্যবোধের শিক্ষা থেকে।

# মূল্যবোধ

- প্রতিটি শিশু যে মূল্যবোধ নিয়ে জন্মায়- ব্যক্তিগত মূল্যবোধ।
- ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি হলো- পেশাগত মূল্যবোধ।
- ব্যক্তির মূল্যবোধ জাগ্রত হয়- সভা সমিতি, সামাজিক অনুষ্ঠান, প্রতিষ্ঠান ইত্যাদির মধ্য দিয়ে।
- আচরণের আদর্শিক দিকই হলো- শারীরিক ও বিনোদনমূলক মূল্যবোধ।
- যে মূল্যবোধ মানুষের বাহ্যিক ব্যক্তিত্বকে গড়ে তোলে- শারীরিক বা বাহ্যিক মূল্যবোধ।
- মূল্যবোধের চালিকা শক্তি হলো- সংস্কৃতি।
- যে দেশের মূল্যবোধ অনেক পুরাতন- চীন ও ভারত।
- মানুষের রাষ্ট্রীয় জীবনে মূল্যবোধ গঠনের দিকনির্দেশক হিসেবে কাজ করে- সংবিধান।
- সরকারি সিদ্ধান্ত প্রণয়ন যে মূল্যবোধগুলো গুরুত্বপূর্ণ- বিশুদ্ধতা, নিরপেক্ষতা, জবাবদিহিতা, সততা, স্বচ্ছতা।

# মূল্যবোধ

- ❖ কল্পনাপ্রসূত মূল্যবোধের অন্তর্ভুক্ত- খেলাধুলা, কলা, ধর্ম।
- ❖ মূল্যবোধের একটি প্রকার হলো- সুশাসন।
- ❖ মূল্যবোধ নির্ধারিত হয়- নৈতিকতার মাধ্যমে।
- ❖ শিষ্টাচার, সততা, ন্যায়পরায়ণতা, সহমর্মিতা, শৃঙ্খলাবোধ, সৌজন্যবোধ প্রভৃতি সুকুমার বৃত্তি বা মানবীয় গুণাবলির সমষ্টি হচ্ছে- মূল্যবোধ।
- ❖ মানুষের আচার-আচরণ পরিচালনাকারী নীতি ও মানদণ্ড হচ্ছে – মূলেবোধ।
- ❖ সমাজের ভালো-মন্দের মানদণ্ড বলা হয় – মূল্যবোধকে।
- ❖ মূল্যবোধের চালিকাশক্তি হলো – সংস্কৃতি।
- ❖ মানুষের মধ্যে মূল্যবোধ জাগ্রত করে – নীতিশাস্ত্র বা নৈতিকতা।
- ❖ চিরন্তন মূল্যবোধ হলো – সত্য ও ন্যায়।

# POLL QUESTION-01

✪ মূল্যবোধের শিক্ষা আত্মনিয়ন্ত্রণাধিকার প্রতিষ্ঠা করে, ফলে নিশ্চিত হয়-

(a) সুশাসন

(b) রাজনৈতিক উন্নয়ন

(c) ব্যক্তিগত উন্নয়ন

(d) অর্থনৈতিক উন্নয়ন

# সুশাসন

❖ "সুশাসন বলতে রাষ্ট্রের সাথে সমাজের, সরকারের সাথে শাসিত জনগণের, শাসকের সাথে শাসিতের সম্পর্ককে বুঝায়" - ম্যাককরনি (Mac Corney) **[সবচেয়ে সুন্দর ও গ্রহণযোগ্য সংজ্ঞা]।**

❖ "সুশাসন মানবাধিকার, আইনের শাসনের প্রতি শ্রদ্ধা, গণতন্ত্রকে শক্তিশালী করা, জনপ্রশাসনের স্বচ্ছতা এবং সক্ষমতাকে নিশ্চত করে" - কফি আনান।

❖ 'রাষ্ট্রের সব ধরনের উন্নয়নের জন্য সুশাসন অত্যাবশ্যক' - মিশেল ক্যামডেসাস।

❖ "সুশাসন হলো একটি দেশের সামাজিক এবং অর্থনৈতিক সম্পদের কার্যকরী ব্যবস্থা। তবে ব্যবস্থাটি হবে উন্মুক্ত, স্বচ্ছ; জবাবদিহিমূলক এবং নায্য সমতাপূর্ণ" - অধ্যাপক ড. মহব্বত খান।

❖ জাতিসংঘ: সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য হল মৌলিক স্বাধীনতার উন্নয়ন।

❖ UNDP: সুশাসন সকলের অংশগ্রহণের মাধ্যমে অর্থপূর্ণ রাজনৈতিক পরিবেশ প্রতিষ্ঠা করে।

❖ বিশ্বব্যাংক: সুশাসনে রাষ্ট্রে টেকসই উন্নয়ন সাধিত হয়।

## ❑ সংস্থাভিত্তিক সুশাসনের ধারণাকাল:

| বিশ্ব ব্যাংক | ADB | IMF | UNDP | IDA |
|---|---|---|---|---|
| ১৯৮৯ | ১৯৯৫ | ১৯৯৬ | ১৯৯৭ | ১৯৯৮ |

# সুশাসন

## ❑ সুশাসনের বৈশিষ্ট্যাবলি-



# সুশাসন

## ❑ সংস্থাভিত্তিক সুশাসনের উপাদানের সংখ্যা

**সংস্থাভিত্তিক সুশাসনের উপাদান**

- UNDP — ৯টি
- জাতিসংঘ — ৮টি
- বিশ্বব্যাংক — ৬টি
- UNHCR — ৫টি
- কৌটিল্য — ৪টি
- IDA — ৪টি
- IMF — ৪টি
- AfBD — ৫টি

# সুশাসন

❑ UNDP সুশাসন নিশ্চিত করতে ৯টি উপাদানের কথা উল্লেখ করেছেন:

**সুশাসনের উপাদান**

- ০১. অংশগ্রহণভিত্তিক
- ০২. আইন এর শাসন
- ০৩. সংবেদনশীলতা
- ০৪. কার্যকারিতা ও দক্ষতা
- ০৫. কৌশলগত লক্ষ্য
- ০৬. স্বচ্ছতা
- ০৭. সমতা ও ন্যায্যতা
- ০৮. জবাবদিহিতা
- ০৯. সংখ্যাগরিষ্ঠের মতের প্রাধান্য

# সুশাসন

❑ জাতিসংঘ সুশাসনের ৮টি উপাদান সম্পর্কে আলোচনা করেছেন:

**সুশাসনের ৮টি উপাদান (জাতিসংঘ)**

০১. মতামতের উপর নির্ভরশীলতা

০২. অংশগ্রহণমূলক

০৩. আইনের শাসনের অনুসারী

০৪. জবাবদিহিতা

০৫. ন্যায় বিচার

০৬. স্বচ্ছতা

০৭. কার্যকরী ও দক্ষ প্রশাসন

০৮. দায়বদ্ধতা

# সুশাসন

❑ কৌটিল্য সুশাসনের ৪টি উপাদান বা বৈশিষ্ট্যের কথা বলেছেন:

সুশাসনের ৪টি উপাদান (কৌটিল্য)

- 01. Law and Order
- 02. People Caring Administration
- 03. Justice and Rationality as the basis of Decision
- 04. Corruption Free Governance

# সুশাসন

❑ UNHCR সুশাসনের ৫টি উপাদান চিহ্নিত করেছে

সুশাসনের ৫টি উপাদান (UNHCR)

- 01. Transparency
- 02. Responsibility
- 03. Accountability
- 04. Participation
- 05. Responsiveness

❑ IDA সুশাসনের ৪টি উপাদানের উপর গুরুত্বারোপ করে

সুশাসনের ৪ টি উপাদান (IDA)

- ০১. জবাবদিহিতা (Accountability)
- ০২. অংশগ্রহণ (Participation)
- ০৩. ভবিষ্যদ্বাণী (Predictability)
- ০৪. স্বচ্ছতা (Transparency)

# সুশাসন

## বিশ্বব্যাংক এর মতে ৬টি উপাদান

- বাক্‌স্বাধীনতা ও জবাবদিহিতা
- রাজনৈতিক স্থিতিশীলতা ও সহিংসতার অনুপস্থিতি
- সরকারের কার্যকারিতা
- নিয়ন্ত্রণ গুণ
- আইনের শাসন
- দুর্নীতি দমন

## AfDB এর মতে ৫টি উপাদান

- জবাবদিহিতা
- স্বচ্ছতা
- দুর্নীতি দমন
- অংশগ্রহণ
- আইন ও বিচার বিভাগীয় সংস্করণ

## IMF এর মতে ৪টি উপাদান

- The transparency of government accounts.
- Transparency of the economic and regulatory environment for private sector activity.
- The effectiveness of public resource management
- The stability

# সুশাসন



# সুশাসন

**❑ সুশাসনের পূর্বশর্ত:**

- ❖ জবাবদিহিতা।
- ❖ স্বচ্ছতা।
- ❖ বাক্‌স্বাধীনতা/মত প্রকাশের স্বাধীনতা।
- ❖ বিচার বিভাগের স্বাধীনতা।
- ❖ বৈধতা।
- ❖ অংশগ্রহণের সুযোগ উন্মুক্ততা।
- ❖ রাজনৈতিক স্বাধীনতার সুরক্ষা।
- ❖ আইনের শাসন।

**❑ এক কথায়, সুশাসনের:**

- ❖ লক্ষ্য – জনকল্যাণ ও মৌলিক স্বাধীনতার উন্নয়ন।
- ❖ অন্তর্নিহিত শক্তি - নৈতিকতা।
- ❖ মূলভিত্তি - আইনের শাসন (যা সভ্য সমাজের মানদণ্ড)।
- ❖ চালিকাশক্তি - স্বচ্ছতা।
- ❖ মূল চাবিকাঠি - জবাবদিহিতা।
- ❖ মানদণ্ড – জনগণের সম্মতি ও সন্তুষ্টি।
- ❖ অন্তরায় – দুর্নীতি ও স্বজনপ্রীতি।

Nepotism

# POLL QUESTION-02

✪ **সুশাসনের ধারণাটির উদ্ভবের পেছনের প্রেক্ষাপট কোনটি?**

(a) দক্ষিণ আমেরিকা মহাদেশে বিশ্বব্যাংকের ব্যর্থতা

(b) আফ্রিকা মহাদেশে বিশ্বব্যাংকের ব্যর্থতা

(c) বিশ্বব্যাপী মন্দা দূরীকরণে ব্যর্থতা

(d) ২য় বিশ্বযুদ্ধোত্তর বৈশ্বিক অর্থনৈতিক অস্থিরতা

# মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের সম্পর্ক

## ❑ সুশাসনের সাথে মূল্যবোধের সম্পর্ক

**মূল্যবোধ ও সুশাসনের সম্পর্ক**

- সভ্যতা, সংস্কৃতি ও ঐতিহ্যের ধারণে
- সামাজিক ঐক্য ও সংহতি প্রতিষ্ঠায়
- সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায়
- আইনের শাসন প্রতিষ্ঠায়
- রাষ্ট্রের জনকল্যাণমুখীতায়
- দায়িত্বশীলতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায়
- নৈতিক ও মানবিক গুণাবলি বিকাশে
- মানব আচরণ নিয়ন্ত্রণে

# মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের সম্পর্ক

## ❑ মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের অভাবজনিত সামাজিক অবক্ষয়:

- ✓ অপসংস্কৃতি
- ✓ যুব সমাজের অবক্ষয়
- ✓ বাল্যবিবাহ
- ✓ যৌতুক প্রথা
- ✓ মাদকাসক্তি
- ✓ শিক্ষাঙ্গনে সন্ত্রাস
- ✓ দুর্নীতি
- ✓ রাজনৈতিক অস্থিরতা
- ✓ ইভটিজিং
- ✓ খাদ্যে ভেজাল
- ✓ দরিদ্রতা
- ✓ যুদ্ধ
- ✓ সন্ত্রাস
- ✓ এসিড নিক্ষেপ
- ✓ জঙ্গিবাদ
- ✓ সীমান্ত বরাবর সন্ত্রাস
- ✓ একটি রাষ্ট্র কর্তৃক অন্য রাষ্ট্র আক্রমণ
- ✓ বর্ণবাদ
- ✓ চরমপন্থা
- ✓ মৌলবাদ
- ✓ যুদ্ধাপরাধ
- ✓ নারী ও শিশু নির্যাতন
- ✓ জনসংখ্যা সমস্যা
- ✓ অন্যান্য অপরাধ

# সমাজ ব্যবস্থায় মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপাদানগুলো প্রতিষ্ঠা

## ❑ মূল্যবোধ প্রতিষ্ঠার উপায়সমূহঃ

- ✓ মূল্যবোধের অনুশীলন ও নৈতিক শিক্ষার মাধ্যমে
- ✓ নৈতিকতাবোধের বিকাশ ঘটিয়ে
- ✓ বিবেকবোধ জাগ্রতকরণের মাধ্যমে
- ✓ লোভ-লালসা ত্যাগ
- ✓ পরোপকারের ব্রত গ্রহণ
- ✓ আইনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন
- ✓ অতি উচ্চাকাঙ্ক্ষা পরিহার
- ✓ নৈতিক ও ধর্মীয় শিক্ষার উপর গুরুত্বারোপ
- ✓ সুশাসন প্রতিষ্ঠা করার মাধ্যমে
- ✓ মূল্যবোধ শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতনতা
- ✓ দেশপ্রেমের শিক্ষায় উদ্বুদ্ধ হওয়া
- ✓ দুর্নীতিকে ঘৃণা করা
- ✓ ভোগ নয়, ত্যাগের শিক্ষা লাভ
- ✓ অনৈতিক মানসিকতা পরিহার
- ✓ জনগণের সদিচ্ছা
- ✓ সরকারি ও বিরোধী দলের সহযোগিতা
- ✓ শ্রমের মর্যাদা দান
- ✓ ভালো মানুষ হওয়ার আগ্রহ
- ✓ সমাজকে ভালো কিছু দেওয়ার প্রচেষ্টা
- ✓ পারস্পারিক সম্পর্ক রক্ষা করা

# সমাজ ব্যবস্থায় মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপাদানগুলো প্রতিষ্ঠা

**সুশাসন প্রতিষ্ঠায় সরকারের করণীয়:** সুশাসন প্রতিষ্ঠায় সরকারকে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে-

- ✓ সংবিধানে মৌলিক অধিকারের সন্নিবেশ
- ✓ মত প্রকাশের স্বাধীনতা
- ✓ দায়িত্বশীল সরকার প্রতিষ্ঠা
- ✓ জবাবদিহিমূলক জনপ্রশাসন
- ✓ দক্ষ ও কার্যকর সরকার
- ✓ জনসমর্থন
- ✓ সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ
- ✓ স্পষ্টতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা
- ✓ একাধিক রাজনৈতিক দলের উপস্থিতি
- ✓ অবাধ ও নিরপেক্ষ নির্বাচন
- ✓ ব্যবস্থাপনায় দক্ষ ও বিশেষজ্ঞদের নিয়োগ
- ✓ বিতর্কিত বিষয় সম্পর্কে সাবধানতা
- ✓ আইনের শাসন প্রতিষ্ঠা
- ✓ বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিতকরণ

# সমাজ ব্যবস্থায় মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপাদানগুলো প্রতিষ্ঠা

- ✓ আইনসভাকে গতিশীল ও কার্যকর করা
- ✓ স্পষ্ট, সহজবোধ্য ও সময়োপযোগী আইন প্রণয়ন
- ✓ ব্যাপক জনঅংশগ্রহণের সুযোগ সৃষ্টি
- ✓ শক্তিশালী স্থানীয় সরকার
- ✓ সংস্কার কর্মসূচি বাস্তবায়ন
- ✓ দারিদ্র্য দূরীকরণ
- ✓ জনসচেতনতা বৃদ্ধিকরণ
- ✓ ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠা
- ✓ কার্যকর মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা
- ✓ সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধি

# সমাজ ব্যবস্থায় মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপাদানগুলো প্রতিষ্ঠা

❑ **সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকের দায়িত্ব ও কর্তব্য:** একটি গণতান্ত্রিক রাষ্ট্রে অধিকার ভোগের বিনিময়ে নাগরিককে বেশ কিছু দায়িত্ব ও কর্তব্য পালন করতে হয়। একজন নাগরিক যখনই কোনো অধিকার ভোগ করতে চায় তখনই এর সাথে কিছু কিছু কর্তব্য পালনের বিষয়ও চলে আসে। অধিকার ও কর্তব্য সমাজবোধ থেকে এসেছে।

➢ **সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকের দায়িত্ব ও কর্তব্য নিম্নরূপ:**

- ✓ সামাজিক দায়িত্ব পালন
- ✓ রাষ্ট্রের প্রতি নিঃশর্ত আনুগত্য প্রদর্শন
- ✓ আইন মান্য করা
- ✓ সৎ ও যোগ্য নেতৃত্ব নির্বাচন
- ✓ নিয়মিত কর প্রদান
- ✓ রাষ্ট্রের সেবা করা
- ✓ রাষ্ট্রীয় উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণ
- ✓ জাতীয় সম্পদ রক্ষা
- ✓ আইন-শৃঙ্খলা রক্ষায় সাহায্য করা
- ✓ সচেতন ও সজাগ হতে হবে
- ✓ সংবিধান মেনে চলা
- ✓ উদার ও প্রগতিশীল দলের প্রতি সমর্থন


## ❑ ই-গভর্নেন্স ও বাংলাদেশ

### ➤ ই-গভর্নেন্স-এর ধারণা

'ই-গভর্নেন্স' (E-Governance) শব্দটি ইলেকট্রনিক গভর্নেন্স' (Electronic Governance)-এর সংক্ষিপ্ত রূপ যা 'ডিজিটাল গভর্নেন্স', 'অনলাইন গভর্নেন্স' ও 'প্রযুক্তিচালিত গভর্নেন্স বা শাসন' নামেও অভিহিত করা হয়। প্রায়োগিক অর্থে সরকারি সেবা ও সুযোগ সুবিধা ইন্টারনেটের মাধ্যমে পাওয়াই ই-গভর্নেন্স।

**বিশ্বব্যাংক (World Bank) প্রদত্ত সংজ্ঞায় বলা হয়েছে যে,** "ই-গভর্নেন্স বলতে সরকারি তথ্য প্রযুক্তি (নেটওয়ার্ক, ইন্টারনেট, মোবাইল প্রভৃতি) ব্যবহারের মাধ্যমে জনগণ, ব্যবসায়ী এবং সরকারের অন্যান্য শাখার মধ্যে যোগাযোগের সক্ষমতাকে বোঝায়।"

## ❑ ই-গভর্নেন্স এর প্রকারভেদ




চিত্রঃ ই-গভর্নেন্সের বিভিন্ন প্রকারভেদ

# সমাজ ব্যবস্থায় মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপাদানগুলো প্রতিষ্ঠা


## ❑ ই-গভর্নেন্সের বিভিন্ন ক্ষেত্রের মধ্যকার আন্তঃসম্পর্ক



# সমাজ ব্যবস্থায় মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপাদানগুলো প্রতিষ্ঠা

## ❑ স্মার্ট বাংলাদেশ- ২০৪১: জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী বাংলাদেশ

৭ এপ্রিল ২০২২, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে গঠিত 'ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স' এর ৩য় সভায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ধারাবাহিকতায় "স্মার্ট বাংলাদেশ" বাস্তবায়নের ঘোষণা দেন। ১২ ডিসেম্বর ২০২২, ডিজিটাল বাংলাদেশ দিবস -২০২২ এ মাননীয় প্রধানমন্ত্রী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে জ্ঞান-ভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী শক্তিতে উজ্জীবিত বাংলাদেশ হিসেবে গড়ে তোলার অঙ্গীকার করেন। এরই সাথে তিনি জানিয়েছেন 'স্মার্ট বাংলাদেশ এর ৪টি স্তম্ভের কথা:




স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের জন্য "স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স" গঠিত হয়-আগষ্ট ১৬, ২০২২ তারিখে। এর সদস্য সংখ্যা ৩০ জন। এর নয়টি কার্যপরিধিও সুস্পষ্ট করা হয়েছে।

# POLL QUESTION-03

✪ **সুশাসন প্রতিষ্ঠায় বাংলাদেশ সরকারের সর্বাধিক গুরুত্বপূর্ণ ক্ষেত্র-**

(a) বিচার বিভাগ

(b) আমলাতন্ত্র

(c) দুর্নীতি দমন

(d) স্থানীয় সরকার

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ভালো-মন্দ কোন ধরনের মূল্যবোধ? [৪৫তম বিসিএস]
(ক) নৈতিক (খ) অর্থনৈতিক (গ) রাজনৈতিক (ঘ) সামাজিক

➲ সুশাসনের পূর্বশর্ত কী? [৪৫তম বিসিএস]
(ক) নিরপেক্ষ আইন ব্যবস্থা (খ) নিরপেক্ষ বিচার ব্যবস্থা
(গ) প্রশাসনের নিরপেক্ষতা (ঘ) মত প্রকাশের স্বাধীনতা

➲ সুশাসন প্রত্যয়টির উদ্ভাবক কে? [৪৫তম বিসিএস]
(ক) ইউরোপীয় ইউনিয়ন (খ) আই, এল, ও (গ) বিশ্বব্যাংক (ঘ) জাতিসংঘ

➲ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য অর্জনের সুশাসনের কোন দিকটির উপর গুরুত্ব দেওয়া হয়েছে? [৪৫তম বিসিএস]
(ক) সামাজিক দিক (খ) অর্থনৈতিক দিক (গ) মূল্যবোধের দিক (ঘ) গণতান্ত্রিক দিক

➲ মূল্যবোধের উৎস কোনটি? [৪৫তম বিসিএস]
(ক) ধর্ম (খ) সমাজ (গ) নৈতিক চেতনা (ঘ) রাষ্ট্র

➲ সুশাসনের মূলভিত্তি- [৪৫তম বিসিএস]
(ক) গণতন্ত্র (খ) আমলাতন্ত্র (গ) আইনের শাসন (ঘ) মূল্যবোধ

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ যে গুণের মাধ্যমে মানুষ 'ভুল' ও 'শুদ্ধ' -এর পার্থক্য নির্ধারণ করতে পারে, তা হচ্ছে- [৪৪তম বিসিএস]

(ক) সততা (খ) সদাচার (গ) কর্তব্যবোধ (ঘ) মূল্যবোধ

➲ গণতান্ত্রিক মূল্যবোধের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান- [৪৪তম বিসিএস]

(ক) নেতৃত্বের প্রতি আনুগত্য (খ) স্বচ্ছ নির্বাচন কমিশন

(গ) শক্তিশালী রাজনৈতিক দল (ঘ) পরমতসহিষ্ণুতা

➲ রাষ্ট্র ও সমাজে দুর্নীতিপ্রবণতার জন্য সবচেয়ে বেশি দায়ী- [৪৪তম বিসিএস]

(ক) আইনের প্রয়োগের অভাব (খ) নৈতিকতা ও মূল্যবোধের অভাব

(গ) দুর্বল পরিবীক্ষণ ব্যবস্থা (ঘ) অসৎ নেতৃত্ব

➲ প্রাথমিকভাবে একজন মানুষের মানবীয় গুণাবলি ও সামাজিক মূল্যবোধের বিকাশ ঘটে- [৪৪তম বিসিএস]

(ক) সমাজে বসবাসের মাধ্যমে (খ) বিদ্যালয়ে

(গ) পরিবারে (ঘ) রাষ্ট্রের মাধ্যমে

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ নৈতিক মূল্যবোধের উৎস কোনটি? [৪৩তম বিসিএস]

(ক) সমাজ (খ) নৈতিক চেতনা (গ) রাষ্ট্র (ঘ) ধর্ম

➲ 'On Liberty'গ্রন্থের লেখক কে? [৪৩তম বিসিএস]

(ক) ইমানুয়েল কান্ট (খ) টমাস হবস্‌ (গ) জন স্টুয়ার্ট মিল (ঘ) জেরেমি বেন্থাম

➲ উৎপত্তিগত অর্থে governance শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [৪৩তম বিসিএস]

(ক) ল্যাটিন (খ) গ্রিক (গ) হিব্রু (ঘ) ফারসি

➲ বিশ্বব্যাংকের মতে সুশাসনের উপাদান কয়টি? [৪৩তম বিসিএস]

(ক) ৩টি (খ) ৫টি (গ) ৪টি (ঘ) ৬টি

➲ সুশাসনের মূল ভিত্তি কী? [৪৩তম বিসিএস]

(ক) মূল্যবোধ (খ) আইনের শাসন (গ) গণতন্ত্র (ঘ) আমলাতন্ত্র

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ সুশাসন চারটি স্তম্ভের ওপর নির্ভরশীল- এই অভিমত কোন সংস্থা প্রকাশ করে? [৪১তম বিসিএস]

(ক) জাতিসংঘ (খ) জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (গ) বিশ্বব্যাংক (ঘ) এশিয়া উন্নয়ন ব্যাংক

➲ সভ্যতার অন্যতম প্রতিচ্ছবি হলো- [৪১তম বিসিএস]

(ক) সুশাসন (খ) রাষ্ট্র (গ) নৈতিকতা (ঘ) সমাজ

➲ জাতিসংঘের অভিমত অনুসারে সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো- [৪০তম বিসিএস]

(ক) দারিদ্র বিমোচন (খ) মৌলিক অধিকার রক্ষা

(গ) মৌলিক স্বাধীনতার উন্নয়ন (ঘ) নারীদের উন্নয়ন ও সুরক্ষা

➲ 'বিপরীত বৈষম্য' –এর নীতিটি প্রয়োগ করা হয়- [৪০তম বিসিএস]

(ক) নারীদের ক্ষেত্রে (খ) সংখ্যালঘুদের ক্ষেত্রে

(গ) প্রতিবন্ধীদের ক্ষেত্রে (ঘ) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ক্ষেত্রে

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকের কর্তব্য হলো- [৪০তম বিসিএস]

(ক) সরকার পরিচালনায় সাহায্য করা
(খ) নিজের অধিকার ভোগ করা
(গ) সৎভাবে ব্যবসা-বাণিজ্য করা
(ঘ) নিয়মিত কর প্রদান করা

➲ অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে- [৪০তম বিসিএস]

(ক) দুর্নীতি দূর হয়
(খ) বিনিয়োগ বৃদ্ধি পায়
(গ) আইনের শাসন প্রতিষ্ঠিত হয়
(ঘ) কোনোটিই নয়

➲ মূল্যবোধের চালিকা শক্তি হলো- [৪০তম বিসিএস]

(ক) উন্নয়ন (খ) গণতন্ত্র (গ) সংস্কৃতি (ঘ) সুশাসন

➲ নিচের কোনটি সুশাসনের উপাদান নয়? [৩৮তম বিসিএস]

(ক) অংশগ্রহণ (খ) স্বচ্ছতা (গ) নৈতিক শাসন (ঘ) জবাবদিহিতা

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ব্যক্তি সহনশীলতার শিক্ষা লাভ করে- [৩৮তম বিসিএস]

(ক) সুশাসনের শিক্ষা থেকে (খ) আইনের শিক্ষা থেকে
(গ) মূল্যবোধের শিক্ষা থেকে (ঘ) কর্তব্যবোধ থেকে

➲ সুশাসনের কোন নীতি সংগঠনের স্বাধীনতাকে নিশ্চিত করে? [৩৮তম বিসিএস]

(ক) অংশগ্রহণ (খ) জবাবদিহিতা (গ) স্বচ্ছতা (ঘ) সাম্য ও সমতা

➲ UNDP সুশাসন নিশ্চিতকরণে কয়টি উপাদান উল্লেখ করেছে? [৩৭তম বিসিএস]

(ক) ৬টি (খ) ৭টি (গ) ৮টি (ঘ) ৯টি

➲ নৈতিক শক্তির প্রধান উপাদান কি? [৩৭তম বিসিএস]

(ক) সততা ও নিষ্ঠা (খ) কর্তব্যপরায়ণতা (গ) মায়া ও মমতা (ঘ) উদারতা

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ সুশাসনের পূর্বশর্ত হচ্ছে– [৩৬তম বিসিএস]

(ক) অর্থনৈতিক উন্নয়ন (খ) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন

(গ) সামাজিক উন্নয়ন (ঘ) সবগুলোই

➲ সুশাসনের পথে অন্তরায়– [৩৬তম বিসিএস]

(ক) আইনের শাসন (খ) জবাবদিহিতা (গ) স্বজনপ্রীতি (ঘ) ন্যায়পরায়ণতা

➲ মূল্যবোধ শিক্ষার অন্যতম লক্ষ্য হচ্ছে- [৩৬তম বিসিএস]

(ক) দুর্নীতিরোধ করা (খ) সামাজিক অবক্ষয় রোধ করা

(গ) রাজনৈতিক অবক্ষয় রোধ করা ঘ) সাংস্কৃতিক অবরোধ রক্ষণ করা

➲ নিরপেক্ষ ও শক্তিশালী গণমাধ্যমের অনুপস্থিতি কিসের অন্তরায়? [৩৫তম বিসিএস]

(ক) সুশাসনের (খ) মূল্যবোধ অবক্ষয়ের (গ) সামাজিক অবক্ষয়ের (ঘ) শিক্ষার গুণগতমানের

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (Millennium Development Goals) অর্জনে সুশাসনের কোন দিকটির উপর গুরুত্ব দেয়া হয়েছে? [৩৫তম বিসিএস]

(ক) সুশাসনের সামাজিক দিক
(খ) সুশাসনের অর্থনৈতিক দিক
(গ) সুশাসনের মূল্যবোধের দিক
(ঘ) সুশাসনের গণতান্ত্রিক দিক

➲ Johannesburg Plan of Implementation সুশাসনের সঙ্গে নিচের কোন বিষয়টিকে অধিকতর গুরুত্ব দেয়? [৩৫তম বিসিএস]

(ক) টেকসই উন্নয়ন
(খ) সাংস্কৃতিক উন্নয়ন
(গ) ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়ন
(ঘ) উপরের কোনোটিই নয়

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy
Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy
YouTube Channel
https://www.youtube.com/c/Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)
একটি উদ্ভাস-উন্মেষ প্রতিষ্ঠান
09666775566
www.uttoron.academy